



হাদি হত্যা মামলা: অস্ত্র ব্যবসায়ী হেলালের জবানবন্দি



শরিফ ওসমান হাদি হত্যার মামলায় গ্রেপ্তার হওয়া অস্ত্র বিক্রেতা মো. মাজেদুল হক হেলালকে আদালতে তোলা হচ্ছে। ছবি: সংগৃহীত

ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি হত্যা মামলায় গ্রেপ্তার হওয়া অস্ত্র ব্যবসায়ী মো. মাজেদুল হক হেলাল আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। বিষয়টি নিশ্চিত করেছেন আদালত সংশ্লিষ্ট প্রসিকিউশন বিভাগের এসআই রুকনুজ্জামান। পুলিশের তথ্য অনুযায়ী, হেলাল চট্টগ্রামে ‘হামিদুল হক আর্মস অ্যান্ড কোং’ নামের একটি অস্ত্রের দোকানের মালিক। গত ১৪ এপ্রিল চকবাজার থানার হারেছ শাহ মাজার লেন এলাকা থেকে তাকে আটক করে গোয়েন্দা পুলিশ (ডিবি)। পরদিন আদালত তার তিন দিনের রিমাণ্ড মঞ্জুর করেন।

মামলার এজাহারে উল্লেখ করা হয়, গত বছরের ১২ ডিসেম্বর জুমার নামাজ শেষে নির্বাচনি প্রচার শেষ করে মতিঝিল থেকে সোহরাওয়ার্দী উদ্যানের দিকে যাচ্ছিলেন শরিফ ওসমান হাদি। দুপুর প্রায় ২টা ২০ মিনিটে তার বহনকারী অটোরিকশা পল্টন বক্স কালভার্ট এলাকায় পৌঁছালে মোটরসাইকেলে আসা দুর্বৃত্তরা তাকে লক্ষ্য করে গুলি চালিয়ে দ্রুত পালিয়ে যায়। গুরুতর আহত অবস্থায় হাদিকে প্রথমে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়, পরে উন্নত চিকিৎসার জন্য এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে ১৫ ডিসেম্বর তাকে সিঙ্গাপুরে পাঠানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ১৮ ডিসেম্বর তার মৃত্যু হয়।